

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা
www.moa.gov.bd


স্মারক: ১২.০০.০০০০.০২০.০৭.০৪৯.১৬.১৫২৫

তারিখ: ০৪ কার্তিক ১৪২৪
১৯ অক্টোবর ২০১৭

বিষয় : কৃষি মন্ত্রণালয়ের জন্য ২০১৭-১৮ অর্থ বছরে ১৩ (তের) টি গ্রুপের দ্রব্যসামগ্রী ও সেবা ক্রয়ের জন্য পিপিআর ২০০৮ অনুযায়ী ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তির বিজ্ঞপ্তি প্রকাশ।

উপর্যুক্ত বিষয়ে এতৎসঙ্গে সংযুক্ত বিজ্ঞপ্তি আপনার বহুল প্রচারিত দৈনিক পত্রিকায় আগামী ২৯/১০/২০১৭ তারিখের মধ্যে ০১ (এক) দিনের জন্য প্রকাশের অনুরোধ করা হলো। বিজ্ঞপ্তিটি প্রকাশের পর পত্রিকার দুইটি সৌজন্য কপিসহ সরকারি বিধি মোতাবেক বিল দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে


মোহাম্মদ দাউদুল ইসলাম
উপসচিব

ফোন : ৯৫৪০১২৬

e-mail:dsadmin2@moa.gov.bd.

- ১। বিজ্ঞাপন ম্যানেজার
দৈনিক ইত্তেফাক
৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
- ২। Manager (Advertisement)
The Daily Observer
Aziz Bhaban (1st floor),
93, Motijheel C/A, Dhaka-1000

অনুলিপি :

- ১) প্রোগামার, আইসিটি সেল, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা, (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ২) হিসাবরক্ষণ অফিসার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩) অতিরিক্ত সচিব (প্রশাসন ও উপকরণ) এর ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪) অফিস কপি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা
www.moa.gov.bd.

স্মারক:১২.০০.০০০০.০২০.০৭.০৪৯.১৬.১৫২৬

তারিখ: ০৪ কার্তিক ১৪২৪
১৯ অক্টোবর ২০১৭


ঠিকাদার/সরবরাহকারী প্রতিষ্ঠান তালিকাভুক্তির বিজ্ঞপ্তি

পাবলিক প্রকিউরমেন্ট রেগুলেশন ২০০৮ অনুযায়ী সীমিত দরপত্র পদ্ধতির মাধ্যমে কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর জন্য ২০১৭-২০১৮ অর্থ বছরে নিম্নবর্ণিত ১৩ (তের) টি গ্রুপের দ্রব্যসামগ্রী ও সেবা ক্রয়ের লক্ষ্যে পৃথক তালিকাভুক্তির নিমিত্ত সরবরাহকারী/ ঠিকাদার প্রতিষ্ঠানের নিকট থেকে নির্ধারিত ফরমে আবেদন পত্র আহ্বান করা যাচ্ছে :

(১) কম্পিউটার মনিটর/সিপিইউ/ প্রিন্টার/ ইউপিএস/স্ক্যানার মেশিন ক্রয়/মেরামত (২) ফটোকপিয়ার মেশিন/ফ্যাক্স মেশিন এবং কাগজ কাটার মেশিন ক্রয় মেরামত (৩) কম্পিউটার ব্যবহার্য সামগ্রী ক্রয়/ (৪) স্টেশনারী মালামাল/কার্পেট/পাপোস/অন্যান্য ক্রয় (৫) আসবাবপত্র/ওয়াল ফাইল কেবিনেট/ওয়াল ফ্যান/ওয়াল ঘড়ি ক্রয়/মেরামত (৬) রঙ্গিন টিভি/ টিভি কার্ড ক্রয়/মেরামত (৭) টেলিফোন সেট, ইন্টারকম সেট/ মেশিন (১০০ চ্যানেল ও সেটসহ)প্যাকেজ/এন্টিভাইরাস/ প্রোজেক্টর ক্রয়/ মেরামত (৮)পত্রিকা সরবরাহ (৯) গাড়ি ক্রয়/ মেরামত (১০) কম্পিউটার/ ফটোকপিয়ার/ ফ্যাক্স মেশিনের টোনার (কালি) ক্রয় (১১) সীল তৈরি (১২) তোয়ালে/পর্দা ইত্যাদি ধোলাই (১৩) ডিসলাইন সংযোগ। নিম্নবর্ণিত শর্তে কৃষি মন্ত্রণালয়ের নির্ধারিত ফরম এ আবেদন করতে হবে। উল্লেখ্য যে, সরকারি জরুরী সরবরাহ/ সেবার জন্য ঠিকাদার/সরবরাহকারী প্রতিষ্ঠানের অবস্থান বাংলাদেশ সচিবালয়ের কাছাকাছি হওয়া আবশ্যিক।

শর্তাবলি:

- আবেদনের জন্য নির্ধারিত 'ফরম' আগামী ২৯/১০/২০১৭ হতে ২৬/১১/২০১৭ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে প্রশাসন-২ অধিশাখা, কৃষি মন্ত্রণালয় (কক্ষ নং-৪৩৩, ভবন নং-৪, বাংলাদেশ সচিবালয়), বাংলাদেশ সচিবালয়, ঢাকা এবং বিভাগীয় কমিশনার অফিস, ঢাকা বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা থেকে প্রতি সেট নগদ ২০০/- (দুইশত) টাকায় ক্রয় করা যাবে। আগামী ২৬/১১/২০১৭ তারিখের পর কোন 'ফরম' বিক্রয় করা হবে না।
- আবেদনের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, বিগত বছরের আয়কর প্রদানের সনদপত্র ও ভ্যাট রেজিস্ট্রেশনের সত্যায়িত কপি দাখিল করতে হবে।
- একজন সরবরাহকারী/ ঠিকাদার একাধিক গ্রুপের জন্য আবেদন করতে পারবেন।
- তালিকাভুক্তির জন্য মনোনীত করার পূর্বে প্রয়োজনে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান সরেজমিন পরিদর্শন করা হবে।
- আবেদনপত্রসমূহ যাচাই-বাছাই পূর্বক সংক্ষিপ্ত তালিকা প্রস্তুত করে তার ভিত্তিতে প্রতিষ্ঠানসমূহ তালিকাভুক্ত করা হবে এবং এই তালিকাভুক্তি আগামী জুন ২০১৮ পর্যন্ত বলবৎ থাকবে।
- যাচিত সকল কাগজপত্রসহ নির্ধারিত ফরমে আবেদন আগামী ২৭/১১/২০১৭ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে প্রশাসন-২ অধিশাখা, কৃষি মন্ত্রণালয় (কক্ষ নং-৪৩৩, ভবন নং-৪), বাংলাদেশ সচিবালয়, ঢাকায় রক্ষিত টেন্ডার বাক্সে অথবা বাংলাদেশ সচিবালয়ের দর্শনার্থী গেইটে রক্ষিত টেন্ডার বাক্সে গ্রহণ করা হবে। এ ছাড়া ডাকযোগে উপসচিব, প্রশাসন -২ অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, কক্ষ নং-৪৩৩, ভবন নং-৪, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ঠিকানায় প্রেরণ করা যাবে; তবে তা ২৭/১১/২০১৭ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে অবশ্যই পৌঁছাতে হবে।
- কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন অথবা সকল আবেদনপত্র বাতিল অথবা গ্রহণ করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।


মোহাম্মদ দাউদুল ইসলাম
উপসচিব

ফোন: ৯৫৪০১২৬

e-mail:dsadmin2@ moa.gov.bd